

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৮৯৬

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (১ ত্রান্)

পরিচ্ছেদঃ ৮. তৃতীয় অনুচ্ছেদ - খাদ্যদ্রব্য গুদামজাত করা

আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنِ احْتَكَرَ طَعَامًا أَرْبَعِينَ يَوْمًا يُرِيدُ بِهِ الْغَلَاءَ فَقَدْ بَرِئً مِنَ اللَّهِ وَبَرِئً اللَّهُ مِنْهُ» . رَوَاهُ رَزِينٌ

বাংলা

২৮৯৬-[৫] ইবনু 'উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে লোক মূল্য বৃদ্ধির উদ্দেশে চল্লিশ দিন পর্যন্ত খাদ্য-সামগ্রী গুদামজাত করে রাখবে, আল্লাহ থেকে সম্পর্কহীন (সে আল্লাহর আইন অমান্যকারী) এবং আল্লাহ তা'আলাও তার থেকে দায়িত্বমুক্ত হয়ে যান (আল্লাহ তার থেকে বিচ্ছিন্ন হয়ে যান)। (রযীন)[1]

ফুটনোট

[1] য'ঈফ : আহমাদ ৪৮৮০। কারণ এর সনদে আবূ বিশর একজন মাজহূল রাবী।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আলোচ্য হাদীসে উল্লেখিত চল্লিশ দিন দ্বারা নির্ধারিত সময় উদ্দেশ্য নয়। বরং এর দ্বারা উদ্দেশ্য হলো সম্পদ গুদামজাত করা বা জমা করে রাখা এবং এর মাধ্যমে নিজে লাভবান ও অন্যের ক্ষতি কামনা করা। আর এখানে আল্লাহর দায়মুক্তির উপর ব্যক্তির (খাদ্য গুদামজাতকারীর) দায় মুক্তিকেই আগে উল্লেখ করা হয়েছে, কারণ তার ওপর অর্পিত দায়িত্ব পূর্ণ করার উপরই আল্লাহ তা'আলার অঙ্গীকার পূর্ণ করা নির্ভরশীল। (অর্থাৎ ব্যক্তি যদি খাদ্য গুদামজাত করে আল্লাহ তাকে মুসীবাত দিবেন আর যদি না করে তবে আল্লাহ তা'আলা তকে কল্যাণ দিবেন) যেমন আল্লাহ তা'আলার কথা, "তোমরা আমার বিধান বাস্তবায়ন কর, আমি তোমাদের দেয়া প্রতিশ্রুতি পূর্ণ করব"- (সূরা আল বাকারা ২: ৪০)। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন